ইরান উন্মোচন করলো নতুন ক্ষেপণাস্ত্রবাহী স্পিডবোট ‘রজব-২৭’



সংগৃহীত ছবি

নতুন একটি আক্রমণাত্মক ক্ষেপণাস্ত্রবাহী স্পিডবোট প্রকাশ্যে এনেছে ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কর্পস (আইআরজিসি) নৌবাহিনী। দেশটির সংবাদমাধ্যম তাসনিম নিউজ এজেন্সির প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে।

শনিবার (৩০ মে) রাজধানী তেহরানের ইনকিলাব স্কয়ারে অনুষ্ঠিত টানা ৯০তম রাতের জনসমাবেশে আনুষ্ঠানিকভাবে স্পিডবোটটি প্রদর্শন করা হয়।

‘রজব-২৭’ নামের এই নৌযানটি ট্রাইমারান বা তিন-হালবিশিষ্ট নকশায় তৈরি, যা উত্তাল সমুদ্রেও স্থিতিশীলতা বজায় রেখে দ্রুতগতিতে চলতে সক্ষম বলে দাবি করা হয়েছে।

আইআরজিসির তথ্য অনুযায়ী, স্পিডবোটটি ৭০০ কিলোমিটার পাল্লার দুটি সমুদ্রভিত্তিক ক্রুজ ক্ষেপণাস্ত্র বহন ও নিক্ষেপ করতে পারবে। পাশাপাশি তিন মিটার উচ্চতার ঢেউয়ের মধ্যেও এটি কার্যকরভাবে অভিযান পরিচালনা করতে সক্ষম।

ইরানের দাবি, দক্ষিণাঞ্চলীয় জলসীমায় প্রতিরক্ষা ব্যবস্থা জোরদার এবং সামুদ্রিক অভিযানের সক্ষমতা বাড়াতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে নতুন এই যুদ্ধস্পিডবোট।